৬

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 MAY 1995
পৃষ্ঠা ৩ কলাম ৭

# নীলফামারীতে প্রাথমিক শিক্ষার দুরবস্থা

নীলফামারী সংবাদদাতা ॥ নীলফামারী জেলার ছয়টি থানার ৯৮৮টি প্রাথমিক বিদ্যালয়ের ১৬ হাজার ছাত্র-ছাত্রী ১৯৯৪ সালে বিদ্যালয় ত্যাগ করিয়াছে এবং ২৫ হাজার ৫ শত শিশুকে বিদ্যালয়মুখী করা সম্ভব হয় নাই।

১৯৯৪ সালের শিশু জরীপ অনুযায়ী জেলার ৪২৭টি সরকারী, ২৯৫টি বেসরকারী রেজিষ্টার্ড এবং ২২১টি রেজিষ্টার্ডবিহীনসহ মোট

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## নীলফামারী

( ৩য় পৃঃ পর )

৯৮৮টি প্রাথমিক বিদ্যালয় ভুক্ত এলাকার ৬ বৎসর বয়সী শিশুর সংখ্যা ৬৬ হাজার ৪৩৯ জন। ইহার মধ্যে স্কুলগামী ৬১ হাজার ৮৩৪জন। অর্থাৎ ৪ হাজার ৬০৫ জন শিশুকে স্কুলগামী করা সম্ভব হয় নাই।

বিদ্যালয় ত্যাগের মূল কারণ হিসাবে দারিদ্র্য, শিশুশ্রম এবং অভিভাবকদের অসচেতনতা বলিয়া জানা গিয়াছে।